

আল-লাইল | Al-Lail | اللَّيْلُ

আয়াতঃ ৯২ : ২১

আরবি মূল আয়াত:

وَلَسَوْفَ يَرْضَى ﴿٢١﴾

অনুবাদসমূহ:

আর অচিরেই সে সন্তোষ লাভ করবে। — আল-বায়ান

সে অবশ্যই অতি শীঘ্র (আল্লাহর নিম্নাত পেয়ে) সন্তুষ্ট হয়ে যাবে। — তাইসিরুল

সেতো অচিরেই সন্তোষ লাভ করবে। — মুজিবুর রহমান

And he is going to be satisfied. — Sahih International

২১. আর অচিরেই সে সন্তুষ্ট হবে। (১)

(১) বলা হয়েছে, শীঘ্রই আল্লাহ এ ব্যক্তিকে এত-কিছু দেবেন যার ফলে সে খুশী হয়ে যাবে। অর্থাৎ যে ব্যক্তি কেবলমাত্র আল্লাহর সন্তুষ্টি অর্জনের লক্ষ্যেই দুনিয়াতে তার ধনসম্পদ ব্যয় করেছে এবং কষ্ট করেছে, আল্লাহ তা'আলাও আখেরাতে তাকে সন্তুষ্ট করবেন এবং জান্নাতের মহা নেয়ামত তাকে দান করবেন। [তাবারী] এই শেষ বাক্যটি মুত্তাকীদের জন্য, বিশেষ করে আবু বকর রাদিয়াল্লাহু 'আনহু-এর জন্যে একটি বিরাট সুসংবাদ। আল্লাহ তাকে সন্তুষ্ট করবেন-এ সংবাদ এখানে তাকে শোনানো হয়েছে। [আদওয়াউল বায়ান]

তাফসীরে জাকারিয়া

২১। আর সে অচিরেই সন্তুষ্ট হবে। [1]

[1] অথবা সে রাযী হয়ে যাবে। অর্থাৎ, যে ব্যক্তি এই সমস্ত গুণের অধিকারী হবে, আল্লাহ তাকে জান্নাতের নিয়ামত এবং সম্মান ও মর্যাদা দান করবেন। যার কারণে সে সন্তুষ্ট ও রাযী হয়ে যাবে। অধিকাংশ ব্যাখ্যাগণ বলেছেন, বরং কেউ কেউ এ ব্যাপারে 'ইজমা' (ঐক্যমত) বর্ণনা করেছেন যে, এই আয়াতগুলি আবু বাকর (রাঃ)-এর শানে অবতীর্ণ হয়েছে। তবুও অর্থের দিক দিয়ে তা ব্যাপক। যে ব্যক্তি অনুরূপ উচ্চ গুণে গুণাম্বিত হবে, সেও আল্লাহর দরবারে উক্ত মর্যাদার অধিকারী হবে।

তাফসীরে আহসানুল বায়ান

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন